



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu

প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষ ভর্তি পরীক্ষা সম্পন্ন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৭ ফেব্রুয়ারি ২০২৫

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষার আজ (১৭ ফেব্রুয়ারি, সোমবার) 'সি-১' ইউনিট কলা ও মানবিকী অনুষদ (নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগ) এবং 'বি' ইউনিটের (সমাজ বিজ্ঞান অনুষদ) পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। আজ চার শিফটে পরীক্ষার মধ্য দিয়ে এই শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষা শেষ সম্পন্ন হয়েছে। সকালে উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান নতুন কলা ভবনে ভর্তি পরীক্ষা পরিদর্শন করেন। এ সময় উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মাহফুজুর রহমান, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সোহেল আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আবদুর রব, প্রক্টর অধ্যাপক ড. এ. কে. এম. রাশিদুল আলমসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

ভর্তি পরীক্ষা পরিদর্শন শেষে উপাচার্য বলেন, আমাদের প্রত্যাশা অনুযায়ী ভর্তি পরীক্ষা সম্পন্ন করতে পেরেছি। এজন্য আমি সহকর্মীসহ সকল অংশীজনকে ধন্যবাদ জানাচ্ছি। এবারের ভর্তি পরীক্ষায় শৃঙ্খলা রক্ষায় প্রক্টরিয়াল টিমের পাশাপাশি শিক্ষার্থীদের পক্ষ থেকে রোভার স্কাউট, বিএনসিসি, গণমাধ্যম প্রতিনিধি এবং বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠনসহ সকলেই গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে এবং সহযোগিতা করেছে। বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

ভর্তি পরীক্ষার ফলাফল এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তি সম্পর্কিত ওয়েবসাইট ju-admission.org এ পাওয়া যাচ্ছে।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)